

## অধিবাসীদের প্রতি ইমেল

বিশ্বয়ের পংক্তি: NYCHA -এর রূপান্তর পরিকল্পনা সংক্রান্ত আপডেট

প্রিয় NYCHA অধিবাসী,

NYC আবাসন কর্তৃপক্ষ (NYC Housing Authority, NYCHA) এর রূপান্তর পরিকল্পনা (Transformation Plan) প্রকাশের ঘোষণা করতে পেরে আমরা আনন্দিত। U.S. আবাসন ও নগর উন্নয়ন বিভাগের (U. S. Department of Housing and Urban Development, HUD) সাথে NYCHA -এর 2019 চুক্তির অংশ হিসাবে রূপান্তর পরিকল্পনাটি এমন বিভিন্ন উপায়ের বর্ণনা দেয় যেগুলিতে কর্তৃপক্ষ একটি শক্তিশালী সংগঠন হয়ে উঠবে এবং আপনাকে আরও ভালভাবে সেবা প্রদান করবে। এই পরিকল্পনাটি আজ HUD এবং সাউদার্ন ডিস্ট্রিক্ট অফ নিউইয়র্কের (Southern District of New York) জন্য U.S. অ্যাটর্নি'র অফিসের (U.S. Attorney's Office) সহায়তায় প্রকাশিত হয়েছিল এবং আমরা বাস্তবায়ন পর্বে এগিয়ে যাওয়ার সাথে সাথে আমরা তাদের সাথে ও ফেডারেল মনিটরের সাথে সহযোগ অব্যাহত রাখব।

পরিকল্পনাটি ধারণা এবং প্রতিক্রিয়া থেকে তৈরি করা হয়েছিল যা আমরা অধিবাসী এবং কর্মীদের কাছ থেকে সরাসরি ভার্সুয়াল টাউন হল, ইমেল, সোশাল মিডিয়া, ফোন কল, এবং অন্যান্য অংশগ্রহণ সেশনগুলির মাধ্যমে 2019 এবং 2020 জুড়ে পেয়েছি। বাস্তবিকই, রূপান্তর পরিকল্পনাটি ছিল প্রথম পরিকল্পনা যা NYCHA জনসাধারণের মন্তব্যের জন্য উপলব্ধ করেছিল। আমরা পরিকল্পনার কৌশলগুলিকে প্রাণবন্ত করার সাথে সাথে আপনার মতামতকে যুক্ত করার জন্য আপনার মতো সহযোগীদের যুক্ত করা অব্যাহত রাখব - পরবর্তী পদক্ষেপগুলি হল 2021 সালের সেপ্টেম্বরের মধ্যে একটি বাস্তবায়ন পরিকল্পনার প্রথম অংশটি এবং 2022 সালের জুনের মধ্যে দ্বিতীয় অংশটি গড়ে তোলা। বাস্তবায়ন পরিকল্পনা NYCHA-এর পুনর্গঠনকে আরও প্রতিক্রিয়াশীল এবং কার্যকর সংস্থায় পরিণত করে তোলার পথনির্দেশ দেবে।

রূপান্তর পরিকল্পনাটি NYCHA -এর *পরিবর্তনের জন্য রুপরেখা (Blueprint for Change)* -এর অংশ, কর্তৃপক্ষকে শক্তিশালী করার জন্য এবং আপনার জীবনযাত্রার মান উন্নত করার জন্য একগুচ্ছ ধারণা, 110,000 টি অ্যাপার্টমেন্টকে পুরোপুরি সংস্কার করার জন্য তহবিল সংগ্রহ করা সহ।

রূপান্তর পরিকল্পনাটি সম্ভাব্য সাংগঠনিক ও পরিচালনামূলক পরিবর্তনগুলির কল্পনা করে যা গ্রাহক পরিষেবার উন্নতি করবে এবং আমাদের উন্নয়নগুলিতে অবস্থগুলির প্রতি প্রতিক্রিয়াশীল হবে, বড় প্রকল্পগুলি যথাসময়ে সম্পূর্ণ হয় তা সুনিশ্চিত করবে, এবং সম্পত্তি পরিচালন কর্মক্ষমতার মেট্রিক্সের মাধ্যমে জবাবদিহিতা প্রচার করবে। এর উদ্যোগগুলি আমাদের সম্পত্তি উন্নত করতে এবং আমাদের সীমিত তহবিলকে আরও কার্যকরভাবে ব্যবহার করতে সক্ষম করবে, আপনার জন্য জীবনের মানের উন্নতি করার সাথে সাথে।

ইতিমধ্যে চলছে এমন কিছু পরিচালনামূলক উন্নয়নের মধ্যে রয়েছে একটি নতুন নেবারহুড মডেল (Neighborhood Model) (যা ছোট সম্পত্তি পরিচালন পোর্টফোলিও তৈরি করে এবং উন্নয়নগুলিতে আরও সিদ্ধান্ত গ্রহণ এবং সংস্থানগুলি নিয়ে আসে) এবং অধিবাসীদের জন্য একটি বাধাহীন বার্ষিক পর্যালোচনা প্রক্রিয়া। পরিকল্পনাটি NYCHA -এর পরিচালন কার্যক্রমকে বাধাহীন করা, বিকল্প কাজের সময়সূচি (Alternative Work Schedule) কর্মসূচি উন্নত করা, প্রযুক্তির মাধ্যমে উৎপাদনশীলতা উন্নত করা, অধিবাসী সহযোগ বৃদ্ধি করা এবং অধিবাসীদের অর্থনৈতিক সুযোগগুলি প্রসারিত করা, এবং শিক্ষা ও বিকাশের মাধ্যমে কর্মীদের ক্ষমতায়ন করার ধারণাগুলিকেও অন্তর্ভুক্ত করে।

রূপান্তর পরিকল্পনা এবং অন্যান্য *রুপরেখা* উপাদান পড়ার জন্য অনুগ্রহ করে NYCHA -এর [ওয়েবসাইট](https://www.nycha.nyc.gov/updates) দেখুন। আপনার কোনো প্রশ্ন বা মন্তব্য থাকলে, আপনি [blueprint.comments@nycha.nyc.gov](mailto:blueprint.comments@nycha.nyc.gov) -এ যোগাযোগ করতে পারেন।

বিনীত,

Greg Russ (গ্রেগ রাস)

সভাপতি ও প্রধান কার্যনির্বাহী আধিকারিক (Chair & Chief Executive Officer)

Vito Mustaciuolo (ভিটো মাস্টাসিউওলো)

জেনারেল ম্যানেজার (General Manager)